

“ছেলে হোক, মেয়ে হোক  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি  
fpo.jhalakathi.gov.bd



বিষয়: দপদপিয়া MCWC পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শন প্রতিবেদন

২২/০১/২০২৩ খ্রি. তারিখ বেলা ১১.৪০ ঘটিকায় দপদপিয়া MCWC পরিদর্শন করি। পরিদর্শনকালে সংশ্লিষ্ট সকলকে কেন্দ্রে উপস্থিত পাওয়া যায়। দৃষ্টিনন্দন স্থাপনাটি যথাযথভাবে ব্যবহার করা গেলে NVD সেবা প্রদান সম্ভবপর হবে। কেন্দ্রে FWV অবস্থান করেন না। ডরমিটরি ভবনের বিদ্যুত এর লাইন পৃথক করা প্রয়োজন। সেবা কেন্দ্রটিতে ১টি ডিএন্ডডিএস কিট সাপ্লাই প্রদান করা হয়ে। উক্ত ঔষধে MCWC পরিচালনা করা কঠিন হয় বলে জানা যায়। কেন্দ্রটিতে দৈনিক কার্যদিবসে গড়ে ২০ জন সাধারণ রোগী, ৩ জন পদ্ধতি সেবা এবং ৭ জন গর্ভবতী সেবা প্রদান করা হয়। অদূরে অবস্থিত UH&FWC তে মাত্রাতিরিক্ত ঔষধ সরবরাহের কারণে উল্লেখযোগ্য সংখ্যক ঔষধ মেয়াদোত্তীর্ণ হয়েছে। উক্ত ঔষধসমূহ যথাসময়ে MCWC এর সাথে সমন্বয় করা যেত। MCWC এর ICR এ ঔষধসমূহ উত্তোলন করে সেবা প্রদান করা দরকার। কেন্দ্রটিতে চলতিমাসে কিট খোলার সময়ে কিটের গায়ে প্রদত্ত মেয়াদ ১ জানুয়ারি ২০২৩ লেখা ছিল অথচ কিটের ভিতরে Pantoprazole এর মেয়াদ May,2022/June,2020 এর ঔষধ পাওয়া যায় বলে জানা যায়।

পরামর্শঃ

১। Pharmacist/FWV কে স্টোর ব্যবস্থাপনার FEFO(First Expiry First Out) পলিসি অনুসরণ করে সেবা প্রদান। নিয়মানুযায়ী D&DS kit খোলার সময়ে স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ। অপয়োজনীয় দ্রব্যাদির তালিকা তৈরি করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা। যথাযথ প্রক্রিয়ায় ICR সংরক্ষণ করা।

২। FWV কে কর্মস্থলে অবস্থান করতে হবে এবং NVD সেবা চালু করতে হবে।

৩। UFPO/MO(MCH-FP) কে কেন্দ্রসমূহ নিয়মিত ডিজিটপূর্বক উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়ন হয় কীনা যাচাই করে দেখা। FWV কে কেন্দ্রে অবস্থানে লিখিত তাগিদ প্রদান করা।

৪। সকল স্টাফের মোবাইল নম্বর সম্বলিত ব্যানার তৈরি করে প্রদর্শন করা।

৫। UFPO/MO(MCH-FP) কে ডরমিটরিতে বিদ্যুতের লাইন পৃথক করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

৬। কেন্দ্রটিতে আউট সোর্সিং এর জনবল পদায়ন নেই। কেন্দ্রটির গ্রহণ/হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি অধিদপ্তরে প্রেরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

৭। সেবা নিশ্চিত google play store থেকে Adolescent Health app টি ইনস্টল করে ব্যবহারের পরামর্শ প্রদান করা। এছাড়া সরাসরি adoinfo.dgfp.gov.bd ওয়েব থেকে তথ্য সেবা প্রদান করা।

৮। IEC ম্যাটারিয়াল যথাযথভাবে ব্যবহার করা। ইটুলকিট(etoolkits.dghs.gov.bd) ব্যবহারে মাঠকর্মীকে FPI এর মডিভেট করা এবং scmp ( scmpbd.org) এর স্টকের সাথে মাঠ পর্যায়ের FWA এর বাস্তব স্টক যাচাই করা।

৯। ইউনিয়নের সকলের সহযোগিতায় MCWC তে বিশেষ ক্যাম্প আয়োজন করা।

১০। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে সকলকে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা।

শহীদুল ইসলাম

২২-১-২০২৩

মোঃ শহীদুল ইসলাম

উপ পরিচালক

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার  
(এমসিএইচ-এফপি)  
নলছিটি, ঝালকাঠি।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.২৩

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি:

১) পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।

শহীদুল ইসলাম

২২-১-২০২৩

মোঃ শহীদুল ইসলাম

উপ পরিচালক